



মহাখালী হাসপাতালে হামে আক্রান্ত শিশুর পাশে জুবাইদা রহমান



সংগৃহীত ছবি

রাজধানীর মহাখালী সংক্রামক ব্যাধি হাসপাতালে চিকিৎসাধীন হামে আক্রান্ত ছয় মাস বয়সী শিশু নূর নাহারের পাশে দাঁড়িয়েছেন ডা. জুবাইদা রহমান। একটি সংবাদে শিশুটির মানবিক সংকটের খবর প্রকাশিত হওয়ার পর তিনি বিষয়টি গুরুত্ব দিয়ে দেখার নির্দেশ দেন।

সংবাদটি নজরে আসার পর জুবাইদা রহমান শিশুটির চিকিৎসা ও পরিবারের সার্বিক সহায়তা নিশ্চিত করতে স্বেচ্ছাসেবী সংগঠন ‘আমরা বিএনপি পরিবার’-কে দায়িত্ব দেন। একই সঙ্গে প্রয়োজনীয় চিকিৎসা সহায়তার বিষয়টি তদারকির নির্দেশও দেওয়া হয়।

এর ধারাবাহিকতায় বুধবার (১৩ মে) সংগঠনটির একটি প্রতিনিধিদল হাসপাতালে গিয়ে শিশুটির খোঁজখবর নেয় এবং তার মা স্বর্ণা আক্তারের সঙ্গে কথা বলে চিকিৎসা পরিস্থিতি পর্যালোচনা করে। তারা প্রয়োজনীয় সহায়তা নিশ্চিত করার উদ্যোগ নেয় এবং ভবিষ্যতে চিকিৎসা সহায়তার আশ্বাস দেয়।

শিশু নূর নাহার হাম ও নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে দীর্ঘদিন ধরে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। শারীরিক অবস্থার অবনতি হওয়ায় তাকে মহাখালী সংক্রামক ব্যাধি হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসকদের তথ্য অনুযায়ী, বয়স অনুযায়ী তার ওজন অনেক কমে গেছে।

পরিবারটি দীর্ঘদিন ধরে চরম আর্থিক সংকটে রয়েছে বলে জানা যায়। চিকিৎসা ব্যয় বহন করতে না পেরে ধারদেনা করে হাসপাতালে আসতে হয়েছে মা স্বর্ণা আক্তারকে। এমন পরিস্থিতিতে মানবিক সহায়তা হিসেবে পাশে দাঁড়িয়েছে সংশ্লিষ্ট স্বেচ্ছাসেবী সংগঠন।